



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
এপিএ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা



২০২৩-২৪ অর্থবছরে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের এপিএ কমিটি'র ৫ম সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মোস্তফা কামাল মজুমদার অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম প্রধান
সভার তারিখ	২৩ এপ্রিল ২০২৪ খ্রি.
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	মন্ত্রণালয়ের সভাকক্ষ ও জুম প্লাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সরকারি অফিসমূহে প্রবর্তিত কর্মসম্পাদন ব্যবস্থাপনাকে [বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)] ফলপ্রসূ এবং সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে এপিএ কে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানানো হয়।

০২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের উপসচিব (বাজেট ও এপিএ) এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এ "এপিএ টিম অর্থবছরের প্রতি দুই মাসে অন্তত একবার সভায় মিলিত হবে এবং সংশ্লিষ্ট কাজের অগ্রগতি পর্যালোচনা করবে ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে" মর্মে নির্দেশনা রয়েছে। সে পরিপ্রেক্ষিতে ১৬-০৮-২০২৩ তারিখে ১ম, ১০-১০-২০২৩ তারিখে ২য়, ২৭-১২-২০২৩ তারিখে ৩য় ও ২৭-০২-২০২৪ তারিখে এপিএ টিমের ৪র্থ সভা অনুষ্ঠিত হয়েছে। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা এপিএ'র কার্যক্রমসমূহের প্রতিটি কর্মসম্পাদন সূচকের বিপরীতে লক্ষ্যমাত্রা ও অর্জন পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে বর্তমান ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র ৩য় ত্রৈমাসিক অর্জন (জানুয়ারি-মার্চ/২০২৪) ২৯ এপ্রিল/২০২৪ হতে ০২ মে/২০২৪ তারিখের মধ্যে এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে দাখিল করতে হবে। সভায় এপিএ'র ৩য় ত্রৈমাসিক অর্জন (জানুয়ারি-মার্চ/২০২৪) নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

০৩। ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র ৪র্থ ত্রৈমাসিকে (এপ্রিল-জুন/২০২৪) নির্ধারিত সকল কার্যক্রমের কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রমাণকসমূহ সরবরাহের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত-১: বর্তমান ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র ৩য় ত্রৈমাসিক অর্জন (জানুয়ারি-মার্চ/২০২৪) ২৯ এপ্রিল/২০২৪ হতে ০২ মে/২০২৪ তারিখের মধ্যে এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে দাখিল করতে হবে; এবং

সিদ্ধান্ত-২: মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রমাণকসমূহ সরবরাহ করতে হবে।

০৬। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তফা কামাল মজুমদার
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম প্রধান

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৫২.২২.০০১.২৩.৩০

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১

২৯ এপ্রিল ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
- ২) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- ৩) অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
- ৪) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা
- ৫) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা
- ৬) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
- ৭) যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
- ৮) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা
- ৯) উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১০) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা
- ১১) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
- ১২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
- ১৩) সিস্টেম এনালিস্ট, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

উস্মে ইসরাত
উপসচিব